

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - কাবীরাহ্ (কবিরা) গুনাহ ও মুনাফিক্কীর নিদর্শন

باب الكبائر وعلامات النفاق \_ الفصل الثاني

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿إِذَا زَنَى الْعَبْدُ خَرَجَ مِنْهُ الْإِيمَانُ فَكَانَ فَوْقَ رَأْسِهِ كَالظُّلَّةِ فَإِذا خرج من ذَلِك الْعَمَل عَاد إِلَيْهِ الايمان». رَوَاهُ التِّرْمِذِيّ وَأَبُو دَاؤُد

বাংলা

৬০-[১২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন কোন বান্দা ব্যভিচারে লিপ্ত হয় তখন তার থেকে (অন্তর থেকে) ঈমান বেরিয়ে যায় এবং তা তার মাথার উপর ছায়ার ন্যায় অবস্থিত থাকে। অতঃপর যখন সে এ অসংকাজ থেকে বিরত হয় তখন ঈমান তার নিকট প্রত্যাবর্তন করে। (তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

## **English**

Chapter: Major Sins and the Signs of Hypocrisy - Section 2

Abu Huraira reported that God's messenger said, "When a servant of God commits fornication faith departs from him and there is something like an awning over his head; but when he quits that action faith returns to him."

Tirmidhi and Abu Dawud transmitted it.

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪৬৯০, তিরমিয়ী ২৬২৫, সহীহুত্ তারগীব ২৩৯৪; হাদীসের শব্দগুলো তিরমিয়ীর।

ব্যাখ্যা



ব্যাখ্যা: মু'মিন বান্দা যখন যিনার কাজে লিপ্ত হয় তখন তার থেকে ঈমান বেরিয়ে যায়। তার অন্তর থেকে ঈমানের শাখাসমূহের বড় শাখাটি বিলুপ্ত হয়ে যায়। আর তা হলো আল্লাহর প্রতি লজ্জাবোধ। অথবা তার অবস্থা এমন হয় যে, যেন তার থেকে ঈমান চলে গেছে। এ ধরনের লোক ঈমান বিরোধী কাজ সত্ত্বেও সে ঈমানের ছায়াতেই থাকে। তার থেকে ঈমানের হুকুম দূর হয় না এবং ঈমান বিষয়টি তার থেকে উঠে যায় না। কারণ যখন সে এ কাজ থেকে বেরিয়ে আসে, তখন অনুতপ্ত হয় এবং এর ফলে ঈমানের নূর ও পূর্ণ ঈমান আবার ফিরে আসে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন